সমকাল

তারিখ 17 FEB 2015
পৃঃ ১৯ কঃ ০৬



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গত রোববার দু'পক্ষের মধ্যে সংঘর্ষের সময় ধারালো অস্ত্র হাতে দুই ছাত্রলীগ কর্মী ■ সংগৃহীত

ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন

# চবি ছাত্রলীগের ৬২ নেতাকর্মী কারাগারে

■ চট্টগ্রাম ব্যুরো ও চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) রোববার ছাত্রলীগের দুই গ্রুপে সংঘর্ষের ঘটনায় আটক ৬২ জনকে আদালতে হাজির করেছে পুলিশ। তাদের মধ্যে ইতিহাস বিভাগের ছাত্র কায়সার রুবেল ও ইংরেজি বিভাগের ছাত্র সোহেল গত ১৪ আগষ্ট বিশ্ববিদ্যালয়ে তাপস হত্যা মামলার আসামি। সোমবার বিকেলে হাটহাজারী থানা পুলিশ তাদের আদালতে হাজির করে। সন্ধ্যায় শুনানি শেষে তাদের ৬২ জনকেই কারাগারে পাঠান চট্টগ্রাম সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট কুদরত-ই-এলাহীর আদালত। এদিকে সংঘর্ষের পর ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। হরতালের কারণে অনুষ্ঠিত হয়নি কোনো ক্লাস-পরীক্ষা।

যাদের পাঠানো হলো কারাগারে : চবির ছাত্রলীগ কর্মী অনুপম বড়ুয়া, সোলেমান রুবেল, মহিতুল ইসলাম, সৈয়দ ফুলমধু, মুন মোহাম্মদ মাসুম, আবদুল্লাহ আল কায়সার, জাহেদুল হক, রায়হানুল কাদের, নেছারুল করিম, রনি সেন, মো. নাজিম, আকাশ মিত্র, জাহিদুল ইসলাম, মুরাদ রায়হান অনিক, ফখরুল ইসলাম, গোলাম রব্বানী, আশিকুর রহমান, আবু সুফিয়ান, শাহাদাৎ হোসেন, রফিকুল হায়দার, মো. মঈনুদ্দিন, আনোয়ার হোসেন, আবদুল আলম, মো. নাইমুদ্দিন, রকিবুল হাসান, মামুনুর রশিদ মুন্না, ফরহাদ হোসেন, নয়ন দাশগুপ্ত, রিয়াজ উদ্দিন আহম্মদ, ফারুক ই আজম, আবু নছর সামদানী শুভ, ছমির উদ্দিন, এমডি আল আমিন খন্দকার, শুভজিত দাশ, আশরাফুল আলম, সাব্বির আহম্মদ সোহাগ, মোজাম্মেল হোসেন, আনোয়ার জাহিদ, ইমতিয়াজ উদ্দিন, রুমেল হোসেন, সাহিদ হোসাইন, তারেক ইকবাল, ইমরান ফারুক, স ম মিজবাউল কবির, শাহজালাল শিমুল, শাফায়েত হোসেন, মজিবুর রহমান, ইব্রাহিম খলিল, ফসিয়ার রহমান, সাদেক হোসেন টিপু, নৃপেন সরকার, ফজলুল হক, প্রদীপ কুমার সিং, জ্যোতিষ্ক চাকমা, আনোয়ার হোসেন, শরিফ উদ্দিন, মিনহাজুল ইসলাম, মো. জিয়া, সাইফুল্লাহ হাসান খান, বিশ্বজিৎ শীল শাওন, মোরশেদ আলম।